

বেতাল-পঞ্চবিংশতি

বেতাল বিষয়ক 25 টি লোককথার সংকলন "বেতাল-পঞ্চবিংশতি" নামে প্রসিদ্ধ। বেতালের গল্পগুলি অতি প্রাচীন এবং এগুলি যে মূলরূপে লোকসাহিত্যের মৌখিক ধাঁধা বা মজাদার গল্পের আকারে মুখে মুখে সৃষ্টি হয়েছিল, সে বিষয়ে আমরা নিঃসন্দেহ। ক্ষেমেন্দ্রের বৃহৎকথামঞ্জরীতে এবং সোমদেবের কথাসরিত্সাগরে বেতালকাহিনীগুলির প্রাচীনতম রূপ পদ্যে সংরক্ষিত। জনৈক শিবদাস কর্তৃক রচিত গদ্যপদ্যমিশ্রিত বেতাল-পঞ্চবিংশতি সংস্করণটি সর্বাপেক্ষা বৈশিষ্ট্যপূর্ণ এবং অনেকের মতে প্রাচীনতম সংকলন। জনৈক জগন্নাথ দত্তের রচিত একটি গদ্যাঙ্ক সংস্করণ এবং কোনো অজ্ঞাতনামা লেখকের বেঙ্কটভট্ট রচিত বেতালবিংশতি অপেক্ষাকৃত অর্বাচীন রচনা। পূর্বোক্ত লেখকগণের সম্পর্কে আমরা সম্পূর্ণ অজ্ঞ। আলোচ্য গ্রন্থগুলি পাঠ করে বোঝা যায় বেতালের গল্পগুলি স্থান-কাল-পাত্রের ভেদে ভিন্ন ভিন্নরূপে প্রচলিত ছিল এবং বিভিন্ন লেখক আপন আপন দেশপ্রচলিত জনপ্রিয় রূপটি গ্রহণ করেছেন। ক্ষেমেন্দ্র-ও সোমদেব কৃত প্রাচীনতম পদ্যরূপ 11শ শতকের রচনা, অন্যান্য সংস্করণগুলি পরবর্তী কালের বিভিন্ন সময়ে সম্পাদিত হয়।

গল্পানুসারে, রাজা বিক্রমসেন বা ত্রিবিক্রমসেনের নিকট বেতালের মুখে 25 টি উপাখ্যান বর্ণিত। এক সন্ন্যাসী প্রতিদিন বিক্রমসেনের রাজসভায় উপস্থিত হয়ে একটি ফলের ভিতর লুক্কায়িত রত্ন রাজার হাতে উপহার দিতেন। রত্ন-উপহারের কারণ জিজ্ঞাসা করে রাজা জানতে পারলেন যে ঐ সন্ন্যাসী তান্ত্রিক শব-সাধনায় সিদ্ধিলাভ করার জন্য তাঁর সাহায্য চান। প্রকৃতপক্ষে সেই তান্ত্রিক সন্ন্যাসী রাজাকে বলিদানের জন্য নির্বাচন করে মিথ্যা ছলনার আশ্রয়ে তাঁকে প্রতারিত করে হত্যার সঙ্কল্প করেছেন। সন্ন্যাসীর কপট অনুরোধে বীর নরপতি তাঁর নির্দেশমত গভীর রাত্রিতে ঘনঘোর অন্ধকারে সকলের অজ্ঞাতে একাকী শ্মশানের নিকটবর্তী এক গাছ থেকে শবদেহ গ্রহণের জন্য যাত্রা করলেন। যথাস্থানে পৌঁছে শবটি কাঁধে নিয়ে তিনি শ্মশানে অপেক্ষারত সন্ন্যাসীর অভিমুখে রওনা হলেন। ওমনি শবাধিষ্ঠিত বেতাল রাজাকে এক একটি

কাহিনী শুনিয়ে তত্‌সম্পর্কিত প্রশ্ন জিজ্ঞাসা করতে লাগলেন। বুদ্ধিমান রাজাও প্রত্যেকটি প্রশ্নের যথাযথ উত্তর দিলেন। বেতাল রাজার পাণ্ডিত্য ও বীরত্বে প্রীত হয়ে তাঁর কাছে সন্ন্যাসীর কপট পরিকল্পনা প্রকাশ করলেন এবং বেতালের পরামর্শে রাজা চাতুরীর সাহায্যে ধূর্ত সন্ন্যাসীকে হত্যা করে আত্মরক্ষা করলেন।

সমগ্র বেতালকাহিনী বৃহৎকথামঞ্জরীতে 1220 শ্লোকে এবং কথাসরিত্সাগরে 2195 শ্লোকে বর্ণিত। সুতরাং সোমদেবকৃত গল্পগুলি অপেক্ষাকৃত বৃহদাকার। পরবর্তী রচনাগুলির মধ্যে শিবদাসকৃত বেতাল-পঞ্চবিংশতির (12শ শতকের পরবর্তী) রচনারীতি ও বর্ণনাভঙ্গী সর্বাপেক্ষা চিত্তাকর্ষক। বেতালের প্রশ্নগুলি মূলতঃ জনপ্রিয় ধাঁধা, কিন্তু কাহিনীগুলি অতীব কৌতূহলোদ্দীপক ও হৃদয়গ্রাহী। প্রত্যেকটি গল্পের অভিনবত্ব, অবাধ কল্পনার বিস্তার, হাস্যরসের উপাদান, বুদ্ধির চাতুর্য, বিচিত্র পরিবেশ ও বহুমুখী উপাদান প্রভৃতি মিলে এই গ্রন্থ প্রাচীন ভারতীয় লোকসাহিত্যের অর্বাচীন সংস্করণ রূপে অত্যন্ত মূল্যবান।